# আশ-শূরা | Ash-Shura | ٱلشُّورَىٰ

আয়াতঃ ৪২ : ৩৫

## আরবি মূল আয়াত:

وَّ یَعلَمَ الَّذِینَ یُجَادِلُوۡنَ فِیۡۤ اٰیٰتِنَا ؕ مَا لَهُمۡ مِّنۡ مَّحِیۡصٍ ﴿۳۵﴾

## অনুবাদসমূহ:

আর যারা আমার নিদর্শনসমূহ সম্পর্কে বাক বিতন্ডা করে তারা যেন জানতে পারে যে, তাদের কোন আশ্রয়স্থল নেই। — আল-বায়ান

(আর ওগুলোকে ধ্বংস করা হয়) এজন্যও যে, আমার আয়াত নিয়ে যারা বিতর্ক করে তারা যেন জেনে নেয় যে, তাদের (আল্লাহর কাছ থেকে পালিয়ে অন্যত্র আশ্রয় নেয়ার জন্য) কোন আশ্রয়স্থল নেই। — তাইসিরুল

আর আমার নিদর্শন সম্পর্কে যারা বির্তক করে তারা যেন জানতে পারে যে, তাদের কোন নিস্কৃতি নেই। — মুজিবুর রহমান

And [that is so] those who dispute concerning Our signs may know that for them there is no place of escape. — Sahih International

৩৫. আর আমার নিদর্শন সম্পর্কে যারা বিতর্ক করে তারা যেন জানয়ে পারে যে, তাদের কোন আশ্রয়স্থল নেই।

-

তাফসীরে জাকারিয়া

(৩৫) যাতে আল্লাহর নিদর্শনাবলী সম্পর্কে যারা বিতর্ক করে[1] তারা জানতে পারে যে, তাদের কোন নিষ্কৃতি নেই।[2]

[1] অর্থাৎ, তা অস্বীকার করে।

[2] অর্থাৎ, পালিয়ে আল্লাহর আযাব থেকে তারা নিষ্কৃতি লাভ করতে পারবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4307

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন